



PRESS CLIP

Publication:- Kolkata 24 X 7 (<https://www.kolkata24x7.com/chamber-of-commerce-started-sanitization-in-adopted-market/>)

Date:- 16th April, 2020

Page:- Online

The Bengal Chamber adopted Gariahat and Jodhpur Park Markets in the sanitizing drive of Government of West Bengal against COVID19 on 14th & 15th April 2020

বাজার পরিচ্ছন্নতার কাজ শুরু করল বণিকসভা



কলকাতা: মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ডাকে সাড়া দিয়ে এবার বাজারগুলিতে পরিচ্ছন্নতা বজায় রাখার কাজে নেমে পড়ল বণিক সভা। বেঙ্গল চেম্বার অফ কমার্স শহরের দুটি বাজারের পরিচ্ছন্নতা

বজায় রাখা এবং সাধারণ মানুষকে এই বিষয়ে সচেতন করার দায়িত্ব নিয়েছে। এই বাজার দুটি হল যোধপুর পার্ক এবং গড়িয়াহাট বাজার।

এইজন্য সংশ্লিষ্ট বাজার সমিতি, স্থানীয় কাউন্সিলর এবং থানার সহায়তায় ওই দুটি বাজারে বেঙ্গল চেম্বার অফ কমার্সের পক্ষ থেকে সাবান, স্যানিটাইজার মাস্ক ইত্যাদি বিতরণ শুরু করা হয়েছে। সভাপতি বিশ্ব বিহারী চট্টোপাধ্যায় সহ এই বণিকসভার প্রতিনিধিরা ১৪ এপ্রিল যোধপুর পার্ক বাজার এবং ১৫ এপ্রিল গড়িয়াহাট বাজার পরিদর্শন করেন।

বণিকসভার পক্ষ থেকে জানানো হয়েছে, যোধপুর পার্ক বাজারে ১৫ লিটার স্যানিটাইজার, ৪ কেজি ডিটারজেন্ট, ৪০০ মাস্ক এবং ৪০০ গ্লাভস বিতরণ করা হয়েছে। অন্যদিকে গড়িয়াহাট বাজারে ২০ লিটার স্যানিটাইজার, ৬.৫ কেজি ডিটারজেন্ট, ১৫০০ মাস্ক এবং ১০০০ গ্লাভস দেওয়া হয়েছে।

করোনা মোকাবিলায় দেশজুড়ে শুরু হয়েছে লক ডাউন। তবে এরইমধ্যে খাবার সংগ্রহের জন্য লোকজনকে বাজারে যেতে হচ্ছে। পাশাপাশি সেখানে পরিচ্ছন্নতা বজায় রাখা এবং সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টা সম্পর্কে মানুষকে সচেতন করা দরকার। সম্প্রতি নোবেলজয়ী অর্থনীতিবিদ অভিজিৎ বন্দ্যোপাধ্যায় বাজারগুলিতে স্যানিটাইজেশনের ব্যবস্থা করার কথা বলেছিলেন।

এদিকে, কয়েকদিন আগে মুখ্যমন্ত্রী বণিকসভা ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছিলেন। সেই সময় তিনি তাদের কাছে বাজারের দায়িত্ব নেওয়ার অনুরোধ জানিয়েছিলেন। তারপর সেই অনুরোধে সাড়া দিয়ে বাজারের দায়িত্ব নিতে এগিয়ে আসে এইসব বণিকসভা এবং ব্যবসায়ী সংগঠনগুলি। মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন, বেঙ্গল চেম্বার অফ কমার্স, ভারত চেম্বার অফ কমার্স, অ্যাসোসিয়েটেড, সিআইআই, আইসিসি, মার্চেন্ট চেম্বার অফ কমার্স, ফিকির মত ১২টি চেম্বার অফ কমার্স ২৪টি বাজারের দায়িত্ব নিয়েছে।